তারিখ : ১৫ অক্টোবর ২০১৫
স্মারক নং : রিহ্যাব (অপা: ডি: ০০৭) রি: উ: ফে-২০১৫/০১/

বরাবর,

সম্মানিত সকল সদস্য,
রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) ।

বিষয়ঃ রিহ্যাব আয়োজিত ঢাকায় অনুষ্ঠিতব্য "রিহ্যাব উইন্টার ফেয়ার ২০১৫"-এ অংশগ্রহণের জন্য স্টল বরাদ্দের অর্থ প্রদান প্রসঙ্গে।

জনাব

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রিহ্যাব আগামী **২৩-২৭ ডিসেম্বর ২০১৫ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'রিহ্যাব উইন্টার ফেয়ার ২০১৫'** এর আয়োজন করা হয়েছে । উল্লেখ্য যে, এই ফেয়ারের জন্য ইতিমধ্যেই ভেন্যু চূড়ান্ত করা হয়েছে। মূলতঃ বেশী সংখ্যক রিহ্যাব সদস্যগণকে ফেয়ারে অংশগ্রহণের সুযোগ করে দেওয়ার জন্য এই ভেন্যু নির্বাচন করা হয়েছে। এবারের ফেয়ারের জন্য **কো-স্পন্সর ফি ও স্টল ফি যথাক্রমে ৫,০০,০০০ + ৩,০০,০০০ = ৮,০০,০০০/- (আট লক্ষ)** এবং **সাধারণ স্টল ফি ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা** নির্ধারণ করা হয়েছে। আসন্ন রিহ্যাব উইন্টার ফেয়ার ২০১৫- এ ২০০টি স্টল থাকবে যা রিহ্যাব সদস্য প্রতিষ্ঠান সমূহের মধ্যে **আগে আসলে আগে পাবেন ভিত্তিতে** বরাদ্দ প্রদান করা হবে। অবশিষ্ট স্টল সমূহ বিভিন্ন বিল্ডিং ম্যাটেরিয়ালস ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠান সমূহের মধ্যে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। একই সাথে উল্লেখ্য যে, আবাসন খাতের সার্বিক অবস্থা বিবেচনা করে আসন্ন এই ফেয়ারকে আরো আকর্ষণীয় জাঁকজমকপূর্ণ করার লক্ষ্যে ইলেকট্রনিকস ও প্রিন্ট মিডিয়াতে ব্যাপক প্রচার প্রচারণার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

এই পরিপ্রেক্ষিতে আসন্ন রিহ্যাব উইন্টার ফেয়ারে অংশগ্রহণে ইচ্ছুক রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানকে সাধারণ স্টল (৮ফিট/৮ফিট/৮ফিট) সাইজের জন্য চূড়ান্ত বুকিং প্রদানের জন্য **১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং কো-স্পন্সর ফি ও স্টল ফি** (৮ফিট/১৬ফিট/৮ফিট) বাবদ **৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা অফেরতযোগ্য** রিহ্যাব বরাবরে ব্যাংক ড্রাফট অথবা পেঅর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার ক্রম অনুসারে স্টলের লটারী অনুষ্ঠিত হবে এবং এই লটারীর মাধ্যমে প্রাপ্ত স্টল নম্বরই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া যে সকল গ্রুপ/প্রতিষ্ঠানের একাধিক রিহ্যাব সদস্য রয়েছে, তাদের পাশাপাশি স্টল প্রদান করা সম্ভব হবে না। একমাত্র লটারীতে প্রাপ্ত স্টলই চূড়ান্ত অবস্থান হিসাবে নির্ধারিত হবে।

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
NATIONAL PLAZA : 1/G, Free School Street (6th Floor), Sonargaon Road, Dhaka-1205, Bangladesh
E-mail: rehab@dbn-bd.net, Web site : www.rehab-bd.org, Tel : 880-2-9662482, 9669897, 8652064 Fax : 880-2-8619919

কো-স্পন্সর প্রতিষ্ঠান সমূহের মধ্যেও পৃথক লটারীর মাধ্যমে স্টল নম্বর চূড়ান্ত করা হবে। রিহ্যাব আয়োজিত বিগত দিনের ফেয়ারের মত এবারও কো-স্পন্সর স্টলে ৮ জন ও সাধারণ স্টলে ৫ জন প্রতিনিধি উপস্থিত থাকতে পারবে।

আগ্রহী প্রতিষ্ঠানসমূহ ফেয়ারে বিভিন্ন ইভেন্ট স্পন্সর করার সুযোগ গ্রহণ করতে পারবেন। নিম্নে বর্ণিত বিভিন্ন প্রকার ইভেন্ট স্পন্সর করার জন্যও স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে আগ্রহ প্রকাশ করে পত্র প্রদানের মাধ্যমে আপনার প্রতিষ্ঠানের নাম ইভেন্ট স্পন্সর হিসাবে ব্র্যান্ডিং করার উদ্যোগ নিতে পারবেন।

ক্রমিক নং	ইভেন্টের নাম	ইভেন্টের সংখ্যা	টাকার পরিমান
০১।	উদ্বোধনী অধিবেশন	০১ টি	১০,০০,০০০/-
০২।	সমাপনী অধিবেশন	০১ টি	১০,০০,০০০/-
০৩।	এন্ট্রি টিকেট ও ড্রপ বক্স	০১ টি	৩,০০,০০০/-
০৪।	টিকেট কাউন্টার	০৩ টি	৩,০০,০০০/-
০৫।	তথ্য কেন্দ্র	০১ টি	৩,০০,০০০/-
০৬।	প্রবেশ ও বাহির পথ	০২ টি	৫,০০,০০০/-
০৭।	সুভ্যেনীয়ারে বিজ্ঞাপন মুদ্রণ (ভিতরের পৃষ্ঠা)	১ পৃষ্ঠা (A4 পেপার সাইজের প্রতিটি)	৫০,০০০/-

এই ফেয়ারে অংশগ্রহণে ইচ্ছুক রিহ্যাব সদস্যগণ এ পত্রের সাথে সংযুক্ত ফরমটি যথাযথ ভাবে পূরণ পূর্বক **আগামী ২৯ অক্টোবর, ২০১৫ তারিখ বৃহস্পতিবারের** মধ্যে **"রিহ্যাব"** বরাবরে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

প্রসঙ্গতঃ উল্লেখ্য, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন বিহীন কোন প্রকল্প, প্লট, ফ্ল্যাট, কমার্শিয়াল স্পেস উপস্থাপন, প্রদর্শন ও বিপণন করার কোন সুযোগ মেলাতে থাকবেনা। এই প্রেক্ষিতে ফেয়ারে আপনার প্রতিষ্ঠানের স্টল বুকিং নিশ্চিৎ করে রিহ্যাবের আয়োজন সমূহ সফল করতে সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে-

মোঃ ওয়াহিদুজ্জামান
ভাইস প্রেসিডেন্ট (এ্যাডমিন), রিহ্যাব।

রবিউল হক
চেয়ারম্যান
ফেয়ার স্ট্যান্ডিং কমিটি, রিহ্যাব।

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
NATIONAL PLAZA : 1/G, Free School Street (6th Floor), Sonargaon Road, Dhaka-1205, Bangladesh
E-mail: rehab@dbn-bd.net, Web site : www.rehab-bd.org, Tel : 880-2-9662482, 9669897, 8652064 Fax : 880-2-8619919

রিহ্যাব উইন্টার ফেয়ার- ২০১৫

২৩-২৭ ডিসেম্বর, ২০১৫

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র ।

স্টল বুকিং ফরম

১. প্রতিষ্ঠানের নাম : .....

২. রিহ্যাব সদস্য নং : .....

৩. ঠিকানা : .....

.....

ফোন :.....

মোবাইল ফোন:.....ফ্যাক্স.....

ই-মেইল :.....

৪. যোগাযোগকারী ব্যক্তির নাম:.....

পদবী :.....

৫. **কো-স্পন্সর ফি, কোস্পন্সর স্টল, সাধারণ স্টল ও ইভেন্ট স্পন্সর বরাদ্দের তথ্য (টিক চিহ্ন):**

ক্রমিক নং	অংশগ্রহণের প্রকার	টাকা	টিক ব্যবহার করুন
০১।	কো-স্পন্সর ফি ও স্টল	৮,০০,০০০/-	
০২।	সাধারণ স্টল	১,৫০,০০০/-	
০৩।	সাধারণ স্টল (বিল্ডিং ম্যাটেরিয়াল)	২,০০,০০০/-(১টি স্টল)	
		৫,০০,০০০(২টি স্টল)	
		৭,৫০,০০০(৩টি স্টল)	
০৪।	ইভেন্টের নাম ঃ		
০৫।	সুভ্যেনীয়ারে বিজ্ঞাপন মূদ্রণ (ভিতরের পৃষ্ঠা)	৫০,০০০/- (১পৃষ্ঠা- A4 পেপার সাইজের প্রতিটি)	

পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট নং : ..... তারিখ : .....

ব্যাংকের নাম : ..... শাখা : .....

রিহ্যাব প্রতিনিধির স্বাক্ষর ও সীল

তারিখ : .....

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
NATIONAL PLAZA : 1/G, Free School Street (6th Floor), Sonargaon Road, Dhaka-1205, Bangladesh
E-mail: rehab@dbn-bd.net, Web site : www.rehab-bd.org, Tel : 880-2-9662482, 9669897, 8652064 Fax : 880-2-8619919

তারিখ : ১৫ অক্টোবর, ২০১৫
স্মারক নং : রিহ্যাব (অপা: ডি: ০০৭) রি: উ: ফে-২০১৫- তথ্য/০১/

বরাবর
অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠান
রিহ্যাব উইন্টার ফেয়ার ২০১৫।

বিষয়ঃ রিহ্যাব উইন্টার ফেয়ার ২০১৫- এ অংশগ্রহণকারী প্রতিষ্ঠান সমূহের প্রতিনিধিদের ID Card, Project Information ও Company Logo প্রদান প্রসঙ্গে।

জনাব

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)- এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৩-২৭ ডিসেম্বর, ২০১৫ তারিখ থেকে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকা- তে রিহ্যাব উইন্টার ফেয়ার ২০১৫ এর আয়োজন করা হয়েছে। এই ফেয়ার চলাকালীন সময়ে ফেয়ার প্রাঙ্গণে চলাফেরা ও নিরাপত্তার সুবিধার্থে **কো-স্পন্সর স্টলের ক্ষেত্রে ৮ জন** ও **সাধারণ স্টলের ক্ষেত্রে ৫ জন** প্রতিনিধিকে ID Card প্রদান করা হবে। আপনাদের ID Card এর জন্য সদ্য তোলা **এক কপি পাসপোর্ট সাইজের ছবি ও তথ্য সম্বলিত ফরম (Hard copy & Soft copy)** এবং **ফেয়ার সুভ্যেনীয়ারের জন্য Project Information** (সংযুক্ত ফরমটি পূরণ করে **MS Word** এ সফটকপি), একই সাথে **Company Logo Adobe Illustrator Format-** এ **CD** তে আগামী **২৯ অক্টোবর, ২০১৫, (বৃহস্পতিবার)** তারিখের মধ্যে রিহ্যাব সচিবালয়ে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

অতএব, উপরে উল্লেখিত তথ্য সম্বলিত ফরম, **ID Card Information** ও ফেয়ার সুভ্যেনীয়ারের জন্য **Project Information (MS Word)** ও **Company Logo Adobe Illustrator Format (AI)- এ CD** তে রিহ্যাব সচিবালয়ে নির্ধারিত সময়ের মধ্যে জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল। ফেয়ার সুভ্যেনীয়রে মূদ্রণের জন্য প্রদানকৃত তথ্যাবলীর জন্য স্বস্ব প্রতিষ্ঠান দায়বদ্ধ থাকবেন।

ধন্যবাদান্তে-

মোঃ ওয়াহিদুজ্জামান
ভাইস প্রেসিডেন্ট (এ্যাডমিন), রিহ্যাব।

সংযুক্তিঃ **1. Information for ID Card (নমুনা)**
2. Project Information (নমুনা)

***বি: দ্রঃ- **ID Card Information (with Photo), Project Information (MS Word) ও Company Logo (AI)** প্রতিটিই হার্ড কপি ও সফট কপি (সিডি) জমা দিতে হবে। অসম্পূর্ণ তথ্য ও স্ক্যান কপি গ্রহণযোগ্য হবে না।

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
NATIONAL PLAZA : 1/G, Free School Street (6th Floor), Sonargaon Road, Dhaka-1205, Bangladesh
E-mail: rehab@dbn-bd.net, Web site : www.rehab-bd.org, Tel : 880-2-9662482, 9669897, 8652064 Fax : 880-2-8619919

Information for ID Card of REHAB Winter Fair 2015

(For Each Participant)

PHOTO
(PP Size)

1. Name of the Person :.....
2. Designation :.....
3. Contact No. :.....
4. Name of the Company :.....
5. Address of the Company :.....

.....

.....

Date:.....

.....
Signature & Seal
REHAB Representative

***বি: দ্র:- ID Card Information (with Photo) প্রতিটিই হার্ড কপি ও সফট কপি (সিডি) করে জমা দিতে হবে। অসম্পূর্ণ তথ্য ও স্ক্যান কপি গ্রহণযোগ্য হবে না।

- **Please use block letters to fill up the Information form**

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
NATIONAL PLAZA : 1/G, Free School Street (6th Floor), Sonargaon Road, Dhaka-1205, Bangladesh
E-mail: rehab@dbn-bd.net, Web site : www.rehab-bd.org, Tel : 880-2-9662482, 9669897, 8652064 Fax : 880-2-8619919

Company Project Information
REHAB Winter Fair 2015

Company Name	:
Type of the Company	:
Date of Inception	:
Business Address	:
Phone	:
Fax	:
E-mail	:
Name of the Top Management	:
Web Address	:

Completed Projects (Last One Year)

Name of Project	Location	Approval No.

Ongoing Projects

Name of Project	Location	Unit Size	Expected Completion time	Approval No.

Upcoming Projects

Name of Project	Location	Approval No.

(বিঃ দ্রঃ প্রকল্পের তথ্য সমূহের (Softcopy-CD) অবশ্যই A4 পেপার সাইজের এক পৃষ্ঠার মধ্যে MS Word ফরম্যাট এবং Company Logo (Adobe Illustrator Format) CD তে প্রদান করতে হবে।)

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
NATIONAL PLAZA : 1/G, Free School Street (6th Floor), Sonargaon Road, Dhaka-1205, Bangladesh
E-mail: rehab@dbn-bd.net, Web site : www.rehab-bd.org, Tel : 880-2-9662482, 9669897, 8652064 Fax : 880-2-8619919